

গণগ্রন্থাগারে বই পড়ি, স্মার্ট বাংলাদেশ
গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী
publiclibrary.rajshahidiv.gov.bd

নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৬.২১.২৫

২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪' উপলক্ষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীর উদ্যোগে ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪' উপলক্ষে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

১) ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস

চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	তারিখ, সময় ও স্থান
১.	ক	শিশু-দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	১৭/০৩/২০২৪ খ্রি. রবিবার দুপুর ০২:৩০ টায়। বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী
২.	খ	তৃতীয়-সপ্তম শ্রেণি		

২) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

রচনা প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	জমা দেয়ার শেষ সময়
১.	ক	পঞ্চম-অষ্টম	বঙ্গবন্ধু ও স্বাধীনতা	৮০০	২৩/০৩/২০২৪ খ্রি. শনিবার দুপুর ১২:০০ টা এর মধ্যে অত্র গ্রন্থাগারে জমা দিতে হবে
২.	খ	নবম-দ্বাদশ	মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা	১০০০	
৩.	গ	স্নাতক- স্নাতকোত্তর/সর্বসাধারণ	স্বাধীনতা পূর্ব ও স্বাধীনতা উত্তর বাংলাদেশ	১২০০	

শর্তাবলী:

০১. ছকে বর্ণিত সময়ে অত্র গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
০২. রচনা স্বহস্তে A4 সাইজের সাদা কাগজের এক সাইডে লিখতে হবে। উভয় পার্শ্বে লিখলে খাতা বাতিল বলে গণ্য হবে।
০৩. রচনায় ও চিত্রাংকনে অংশগ্রহণকারীর নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠান, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
০৪. চিত্রাংকন প্রতিযোগিতায় শুধুমাত্র আর্টপেপার সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জাম সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য স্কুলের প্রত্যাশনপত্র/স্টুডেন্ট আইডি কার্ড ও এর ফটোকপি সঙ্গে করে নিয়ে এসে জমা দিতে হবে।
০৬. রচনা সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী ঠিকানায় প্রেরণ করা/জমা দেয়া যাবে।
০৭. প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনে ০১৭২৩-২১৭৭৭৬, ০১৭২৪-৫৯৫৩৭৭, ০১৭০৭-০০৫৬৬৯৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

১২-০৩-২০২৪

মোঃ রোকনুজ্জামান

সহকারী পরিচালক

০২৫৮৮৮৫৭৬৩৪

rajshahidpl@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর;
- ২। পরিচালক, পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর;
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এবং
- ৪। প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/পরিচালক/প্রধান শিক্ষক/ সভাপতি/সম্পাদক

....., রাজশাহী, ।

